# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৬

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ عَنْ عَلِيِّ بْنِ صَالِحٍ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(نَضَّرَ اللَّهُ امرءاً سَمِعَ مِنَّا حَدِيثًا فَبَلَّغَهُ كَمَا سَمِعَهُ فَرُبَّ مُبَلَّغٍ أوعَى من سامِعٍ) [ص:
193]
□□ □□□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح ـ ((التعليق الرغيب)) (1/ 63).

الحديث: 66 ¦ الجزء: 1 ¦ الصفحة: 192

বাংলা

ذِكْرُ دُعَاءِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِمَنْ أَدَّى مِنْ أُمَّتِهِ حَدِيثًا سَمِعَهُ

নাবী মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মাতের যে ব্যক্তি তার থেকে কোন হাদীস শুনবে এবং (অন্যের নিকট) পৌঁছে দেবে, সেই ব্যক্তির জন্য নাবী মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দুআর বর্ণনাঃ

৬৬. আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা সেই ব্যক্তিকে দীপ্তিময় করুন, যে আমার কোন কথা (হাদীস) শুনেছে এবং যেভাবে শুনেছে সেভাবেই অন্যের নিকট তা (হাদীসটি) পৌঁছে দিয়েছে। এমন অনেক ব্যক্তি আছে যার নিকট হাদীস পৌছানো হয়, নিজ কানে তা শ্রবনকারী (যিনি শুনে তার নিকট পৌছে দিচ্ছেন), তার চেয়ে তা অধিক সংরক্ষণকারী হয়ে থাকেন।[1]

## ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: হাসান।
তাখরীজ: আহমাদ ১/৪৩৭; তিরমিযী ২৬৫৭; ইবনু মাজাহ, মুকাদ্দিমা ২৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86965

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন